

বর্তমানে পুলিশের কাছ থেকে সর্বাধিক সেবা পাচ্ছে জনগণ: স্বরাষ্ট্রমন্ত্রী

© প্রকাশ: ০৪ নভেম্বর ২০২০ | আপডেট: ০৪ নভেম্বর ২০২০

সমকাল প্রতিবেদক



স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল- ফাইল ছবি

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, ‘পুলিশের সক্ষমতা বেড়েছে এবং আধুনিক প্রযুক্তি ব্যবহারের ফলে বর্তমানে পুলিশের কাছ থেকে সর্বাধিক সেবা পাচ্ছে জনগণ। দক্ষ, প্রযুক্তি নির্ভর ও জনবান্ধব পুলিশ গড়াই আমাদের লক্ষ্য।’

বুধবার সকালে জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অবকাঠামো উন্নয়ন (ইনফো সরকার-৩ পর্যায়) প্রকল্পের আওতায় বাস্তবায়িত বাংলাদেশ পুলিশের ১০০০ অফিসের ভারুয়াল প্রাইভেট নেটওয়ার্ক (ভিপিএন) কানেক্টিভিটির হস্তান্তর ও উদ্বোধনী অনুষ্ঠানে ভারুয়াল বক্তব্যে এ কথা বলে তিনি।

প্রধান অতিথির বক্তব্যে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ‘ভিপিএন কানেক্টিভিটি বাস্তবায়নের ফলে বাংলাদেশ পুলিশের বিভিন্ন কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে আধুনিক প্রযুক্তি ও ডিজিটাল পদ্ধতি প্রয়োগ করা সম্ভব হয়েছে। ফলে বিভিন্ন স্পর্শকাতর বিষয়ের গোপনীয়তা নিশ্চিতকরণসহ নির্ভুল তথ্য আদান প্রদানের মাধ্যমে সকল সেবা সঠিকভাবে জনগণের নিকট পৌঁছে দেওয়া সম্ভব হচ্ছে। ফলে প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা ঘোষিত ভিশন-২০২১ বাস্তবায়নে উল্লেখযোগ্য অবদান রাখবে এটি।’

প্রধান অতিথির বক্তব্যে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ‘ভিপিএন কানেক্টিভিটি বাস্তবায়নের ফলে বাংলাদেশ পুলিশের বিভিন্ন কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে আধুনিক প্রযুক্তি ও ডিজিটাল পদ্ধতি প্রয়োগ করা সম্ভব হয়েছে। ফলে বিভিন্ন স্পর্শকাতর বিষয়ের গোপনীয়তা নিশ্চিতকরণসহ নির্ভুল তথ্য আদান প্রদানের মাধ্যমে সকল সেবা সঠিকভাবে জনগণের নিকট পৌঁছে দেওয়া সম্ভব হচ্ছে। ফলে প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা ঘোষিত ভিশন-২০২১ বাস্তবায়নে উল্লেখযোগ্য অবদান রাখবে এটি।’



SAMSUNG
UP TO **48%**
DISCOUNT

DELIVERY WITHIN
48 HOURS



([https://evaly.com.bd/campaign/campaigns/quick-deal-1a805c5c/samsung-upto-48-discount-c3c474?](https://evaly.com.bd/campaign/campaigns/quick-deal-1a805c5c/samsung-upto-48-discount-c3c474?utm_source=Local_Publishers&utm_medium=Social&utm_campaign=Quick_D)

[utm_source=Local_Publishers&utm_medium=Social&utm_campaign=Quick_D](https://evaly.com.bd/campaign/campaigns/quick-deal-1a805c5c/samsung-upto-48-discount-c3c474?utm_source=Local_Publishers&utm_medium=Social&utm_campaign=Quick_D)

তিনি বলেন, ‘এই ভিপিএন প্রকল্পের মাধ্যমে স্থাপিত ভার্চুয়াল প্রাইভেট নেটওয়ার্ক (ভিপিএন) অবকাঠামোটি বাংলাদেশ পুলিশের অভ্যন্তরীণ গুরুত্বপূর্ণ ও গোপনীয় তথ্যের নিরাপত্তা ও সঠিক ব্যবস্থাপনা নিশ্চিত করবে। প্রকল্পের আওতায় স্থাপিত ভিপিএন কানেক্টিভিটির মাধ্যমে ১০০০ অফিস থেকে বাংলাদেশ পুলিশের প্রয়োজনীয় সফটওয়্যারসমূহ নির্বিঘ্নে ও নিরাপত্তার সাথে ব্যবহার করা সম্ভব হচ্ছে। বাংলাদেশ পুলিশ প্রশাসনিক কার্যক্রম পরিচালনায় পर्सোনাল ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম (পিআইএমএস) সফটওয়্যার, পুলিশের তদন্তের গুণগতমান উন্নয়নে অপরাধী ও অপরাধ চিহ্নিতকরণ ও উদঘাটনে ক্রিমিনাল ডাটাবেজ ম্যানেজমেন্ট সিস্টেম (সিডিএমএস) সফটওয়্যার, বাড়ির মালিক ও ভাড়াটিয়াদের তথ্যাদি যথাযথভাবে সংরক্ষণের জন্য সিটিজেন ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম (সিআইএমএস) সফটওয়্যার ব্যবহার করছে।’

মন্ত্রী আরও বলেন, ‘বিভিন্ন ধরনের প্রযুক্তি ও অ্যাপ্লিকেশন সফটওয়্যার এর ব্যবহার আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর আধুনিকায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। ফলে এসব প্রযুক্তির ব্যবহার অপরাধ দমনসহ জনগণকে সেবা দেওয়ার পাশাপাশি বাংলাদেশ পুলিশের অভ্যন্তরীণ কার্যক্রম ত্বরান্বিত করছে। প্রকল্পের আওতায় বাংলাদেশ পুলিশের ১০০০ অফিসে ভিপিএন কানেক্টিভিটি স্থাপন কার্যক্রম শতভাগ সম্পন্ন হয়েছে।’

প্রকল্পের আওতায় ১০০০ পুলিশ অফিসে ৫ এমবিপিএস হারে ডাটা ব্যান্ডউইথ প্রদান করা হচ্ছে যা আগামী ৩১ ডিসেম্বর, ২০২০ পর্যন্ত অব্যাহত থাকবে।

জুম প্ল্যাটফর্মের এই অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী

বিভাগের সিনিয়র সচিব মোস্তাফা কামাল উদ্দীন, বাংলাদেশ পুলিশের মহাপুলিশ পরিদর্শক ড. বেনজীর আহমেদ বিপিএম (বার) এবং বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের নির্বাহী পরিচালক পার্থপ্রতিম দেব। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্পের প্রকল্প পরিচালক বিকর্ণ কুমার ঘোষ।

© সমকাল ২০০৫ - ২০২০

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ. কে. আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :
+৮৮০১৯১১০৩০৫৫৭, +৮৮০১৯১৫৬০৮৮১২ (প্রিন্ট), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) |

ইমেইল: samakalad@gmail.com (প্রিন্ট), ad.samakalonline@outlook.com (অনলাইন)